সমাজসেবা অধিদফতর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন ভাতা বিতরণকারী ব্যাংকসমূহের প্রতিনিধিগণের সাথে ভাতা কাযর্ক্রম সহজীকরণ, গতিশীলতা আনয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সংক্রান্ত মতবিনিময় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার স্থান | : | সভা কক্ষ (২য় তলা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। |
| তারিখ | : | ৫ এপ্রিল ২০১৮ দুপুর ১২.০০ ঘটিকা। |
| সভাপতি | : | গাজী মোহাম্মদ নূরুল কবির,<br>মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর। |

সমাজসেবা অধিদফতর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন ভাতা বিতরণকারী ব্যাংকসমূহের প্রতিনিধিগণের সাথে ভাতা কাযর্ক্রম সহজীকরণ, গতিশীলতা আনয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সংক্রান্ত এক মতবিনিময় সভা মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সোনালী, জনতা, অগ্রণী, বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্রতিনিধি ও সমাজসেবা অধিদফতরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা বিবরণী পরিশিষ্ট ‘ক’।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচি সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার কর্মসূচিসমূহের অন্যতম। সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের মধ্যে বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি অন্যতম। এসকল কর্মসূচি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত উদ্ভাবন। বর্ণিত কর্মসূচির আওতায় প্রায় ৫৭ লক্ষ দরিদ্র ও বয়োজ্যেষ্ঠ নারী-পুরুষ, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী জনগোষ্ঠী প্রত্যক্ষভাবে উপকৃত হচ্ছে। ভাতাভোগীদের প্রতি তিন মাস পরপর রাষ্ট্রায়াত্ত্ব পাঁচটি ব্যাংকের (সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক) মাধ্যমে ভাতার অর্থ পরিশোধ করা হয়ে থাকে।

তিনি সভায় আরো উল্লেখ করেন যে, বর্ণিত কর্মসূচিসমূহের শুরু হতে ভাতা বিতরণকারী রাষ্ট্রায়াত্ত্ব ব্যাংকসমূহ অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে উপকারভোগীদের মাঝে ভাতার অর্থ বিতরণ করে আসছে। সামাজিক ও মানবিক দায়িত্বের অংশ হিসেবে তারা বয়োজেষ্ঠ্য, দরিদ্র ও অসহায় প্রতিবন্ধীর ব্যক্তির হাতে ভাতার অর্থ তুলে দিচ্ছেন। সম্প্রতি ব্যাংকের কোন কোন শাখায় ভাতা বিতরণে কিছু অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। কিছু অসাদু কর্মকর্তার ব্যক্তিগত লোভ-লালসার কারণে ব্যাংকের সুনাম ও সুখ্যাতি ক্ষুণ্ন হওয়াটা কাম্য নয়। কোন কোন এলাকায় ব্যাংকের বিভিন্ন শাখা হতে তিন মাসের পরিবর্তে ছয়মাস বা তদোর্ধ্ব সময় অন্তর ভাতা বিতরণ করা হচ্ছে। আবার ব্যাংকের কোন কোন শাখায় নির্ধারিত তারিখে ভাতাভোগী ভাতা গ্রহণে ব্যর্থ হলে তাদেরকে পরবর্তী কিস্তি পর্যন্ত অপেক্ষা করতে হয় যা অনাকাঙ্খিত ও অনভিপ্রেত। তাছাড়া প্রতিমাসে ভাতা বিতরণ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের নির্দেশনা থাকলেও ব্যাংক কর্তৃক প্রায়শই প্রতিবেদন প্রদান করা হয় না।

সভায় উপস্থিত ব্যাংক প্রতিনিধিগণ তাঁদের জনবলের অপ্রতুলতা এবং ভাতাভোগীদের যথাসময়ে ভাতার অর্থ বিতরণ সংক্রান্ত তথ্য জানানোর মাধ্যম না থাকায় কোন কোন ব্যাংক শাখার ভাতা বিতরণে বিলম্ব হতে পারে বলে জানান । সোনালী ব্যাংকের প্রতিনিধি জানান, তারা সামাজিক নিরাপত্তা কর্মসূচির টাকা ডিজিটাল উপায়ে বিতরণের উদ্যোগ গ্রহণ করছেন। এ উদ্যোগ বাস্তবায়ন করা সম্ভব হলে ভাতা বিতরণে বিদ্যমান সমস্যা হতে উত্তোরণ ঘটানো সম্ভব হবে। প্রতিনিধিগণ সামাজিক নিরাপত্তা কর্মসূচি শতভাগ সফলতা আনয়নে মাঠ পর্যায়ে অধিক সতর্কতার সাথে দায়িত্ব পালনের যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন বলে জানান।

সভায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন ভাতা বিতরণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন, ভাতা বিতরণ সহজীকরণ এবং সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

০১. সমাজসেবা অধিদফতর হতে ভাতার অর্থ ছাড় করার সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে ভাতাভোগীদের হাতে টাকা পৌছাতে হবে।

০২. প্রতি তিন মাস অন্তর ভাতার অর্থ বিতরণ করতে হবে। ভাতাভোগীগণ তাদের সুবিধামত সময়ে তাঁদের নিজস্ব ব্যাংক হিসাব হতে ভাতার অর্থ উত্তোলন করবেন। কোন মধ্যস্বত্বভোগী যাতে সুবিধা ভোগ করতে না পারে সে জন্য কোনক্রমেই ভাতাভোগীর অর্থ অন্য কোন ব্যক্তির হাতে প্রদান করা যাবে না। তবে মৃতজনিত বা অক্ষমতার কারণে ভাতা গ্রহণের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী নমিনীকে ভাতাভোগীর প্রাপ্য অর্থ প্রদান করা যাবে।

০৩. ভাতাভোগীদের ভাতার অর্থ উত্তোলনের সুবিধার্থে সংশ্লিষ্ট ব্যাংক শাখায় একটি পৃথক কাউন্টার খুলতে হবে।

০৪. ভাতা বিতরণে যেন কোন অনিয়ম না হয় কিংবা ভাতাভোগী যাতে কোন প্রকার হয়রানির শিকার না হন সে বিষয়ে ব্যাংকের প্রধান কার্যালয় হতে সকল শাখায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

০৫. ব্যাংকের শাখা হতে মাঠপর্যায়ের সমাজসেবা অফিসার বরাবরে ভাতা বিতরণের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। এছাড়া বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট অর্থবছরের জন্য বরাদ্দকৃত অর্থ পরবর্তী অর্থবছরের ৩১ জুলাইয়ের মধ্যে বিতরণ সম্পন্ন করে আগস্ট মাসের মধ্যে বিতরণ-অবিতরণের সমন্বিত হিসাব বিবরণী সমাজসেবা অধিদফতর বরাবরে প্রেরণ করতে হবে।

০৬. ২০১৬-১৭ অর্থবছরের ভাতা বিতরণ-অবিতরণের হিসাব বিবরণী আগামী ১০ কর্মদিবসের মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক সমাজসেবা অধিদফতর বরাবরে প্রেরণ করতে হবে। সমাজসেবা অধিদফতরের নির্দেশনা মোতাবেক অব্যয়িত অর্থ সমর্পণ/সমন্বয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

(গাজী মোহাম্মদ নূরুল কবির)
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

নং ৪১.০১.০০০০.০৪৯.০৬.০১০.১৮. ৫৭ তারিখ: ২২ এপ্রিল ২০১৮

বিতরণ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রশাসন ও অর্থ/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, কাজিহাটা, রাজশাহী।
৮. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর।
৯. উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদফতর, ঢাকা। তাঁকে অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।
৯. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল),........................................ ।
১০. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল),........................................ ।
১১. ব্যবস্থাপক, ..........................................................................................।

২২/০৪/১৮

(আবু মোহাম্মদ ইউসুফ)
অতিরিক্ত সচিব
পরিচালক (কার্যক্রম)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।